

গোলাগুলি-গালাগালি দুই-ই চলছে

কৃষি বিশ্ববিদ্যালয়ে উত্তেজনা
পরীক্ষা স্থগিত করা হয়েছে

(নিজস্ব বার্তা পরিবেশক)
ময়মনসিংহস্থ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের দু' গ্রুপে উত্তেজনা আরো বেড়েছে। গতকাল সকালে ফজলুল হক হলের সামনে রাজু নামে আরো এক ছাত্র গুলিবিদ্ধ হয়েছে। ক্রমবর্ধমান উত্তেজনার প্রেক্ষিতে কর্তৃপক্ষ কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদ ('৯৩-৯১)-এর তৃতীয় পর্বের পরীক্ষাসমূহ স্থগিত করতে বাধ্য হয়েছেন।

দু' গ্রুপের মধ্যে এখন গোলাগুলির চেয়ে গালাগালি বৃদ্ধি পেয়েছে। প্রতিরাতেই একটা নির্দিষ্ট সময়ে (রাত ২টা থেকে ৪টা) ফজলুল হক হলের সোহরাওয়ার্দী হলে অবস্থানকারী একে অপরের উদ্দেশে অকথ্য গালাগালি বর্ষণ করছে বলে জানা গেছে। গালাগালির সময় প্রত্যেকে বড় জোর তিন থেকে চার রাউন্ডের বেশি গুলি খরচ করছে না। হল গেটসমূহের খিল চেয়ার-টেবিল ও হার্ডবোর্ড দিয়ে বন্ধ করা হয়েছে। এ সমস্ত প্রতিরক্ষা ব্যাহের পেছনে অত্যাধুনিক মারণাস্ত্রসজ্জিত ছাত্রদের

ক্যাডাররা স্ব স্ব হল পাহারা দিচ্ছে বলে অপর এক সূত্রে জানা যায়। হলগুলোতে 'ক্যাডার'দের উপস্থিতি এবং বিশ্ববিদ্যালয় প্রশাসনের নিলিঙ্কতার প্রতিবাদে সোহরাওয়ার্দী ও ফজলুল হক হলের কর্মচারীরা হল ছেড়ে চলে গেছেন। পরিস্থিতি পরিবর্তন না হলে অপরাপর হলের কর্মচারীরা একযোগে হল ছেড়ে দেবেন বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

বিশ্ববিদ্যালয় প্রশাসন স্থানীয় প্রশাসনকে 'ঘটনাটি জানিয়েই' দায়িত্ব শেষ করেছেন। এ ব্যাপারে একজন কর্তব্যজ্ঞের সাথে যোগাযোগ করা হলে তিনি বলেছেন, বর্তমান অস্বাভাবিক পরিস্থিতি কোনভাবেই কাম্য নয়। স্থানীয় প্রশাসন ছাড়া অন্য কেউ এ পরিস্থিতি সামলাতে পারবে না। তবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরিস্থিতি স্বাভাবিক করার চেষ্টা করছেন। প্রভোস্টবৃন্দ হল পরিস্থিতি 'পড়াশোনার উপযোগী নয়' বলে সুপারিশ করছেন এবং কর্তৃপক্ষ পরীক্ষা স্থগিত করছেন।